# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

3rd Terminal Examination – 2019

**Subject:** Bengali Text **Class:** 4 A & C **F.M.:** 65 **Duration:** 2Hrs. **Date:** 23.11.2019

(Marks will be deducted for untidy work, spelling mistakes and work not done in systematic manner.)

## ক – বিভাগ (১৫)

১) শব্দের অর্থ লেখো:-

মড়ক, পো , সুখ , কাতর (১ X ৪ = ৪)

২) বিপরীত শব্দ লেখো:-

শহর , ভালোবাসা , ক্ষতি , অধিক (১ X ৪ = ৪)

৩) শূন্যস্থান পূরণ করো:- (১ X ৪ = ৪)

বাজে বাঁশি, পাতার বাঁশি ____________

হাজার লোকের ____________ সবার উপরে।

ঠাকুরবাড়ি ____________ লোকের নাহি শেষ,

অবিশ্রান্ত ____________ ভেসে যায় রে দেশ।

৪) বাক্য রচনা করো:-

কুমোরবাড়ি, বাঁশি , পিতামহ (১ X ৩ = ৩)

## 'খ' বিভাগ - ২০

৫। সংক্ষিপ্ত প্রশ্ন :

ক) বাংলা দেশে কোন্ পাখি গাছে গাছে নাচে এবং কোন পাখি বাসা বোনে? (১+১=২)

খ) জগদীশচন্দ্র বসু কে ছিলেন? তাঁর প্রতিষ্ঠিত বিজ্ঞানশালার নাম কী? সেটি কোথায় অবস্থিত? (১+১+১=৩)

গ) 'ভালোবাসি' কবিতায় প্রজাপতি কোথায় খেলে ও কলি কখন আঁখি মেলে? এই কবিতায় কজন কবির পরিচয় পাওয়া যায়? (১+১+১=৩)

ঘ) হরিণের প্রকৃত বন্ধু কে ছিল? সে হরিণকে কী বুদ্ধি দিয়েছিল? (১+২=৩)

ঙ) ভোম্বোল কীভাবে কোন্ পথ দিয়ে পালিয়ে গেল? (৩)

চ) 'সকাল থেকে বাদল হল, ফুরিয়ে এল বেলা।'

- ওপরের কবিতাংশটি কার লেখা কোন্ কবিতার অংশ? 'বাদল' শব্দটির অর্থ কি? (২+১=৩)

ছ) জেনার কত বছর ধরে পরীক্ষা করে কী সিদ্ধান্তে এসেছিলেন এবং কত খ্রীষ্টাব্দে তিনি তাঁর আবিষ্কারের কথা প্রকাশ করেছিলেন ? (১+১+১=৩)

## 'গ' বিভাগ - ৩০

৬। সহজ কথায় উত্তর লেখ।

ক) 'ভালোবাসি' কবিতাটি কে লিখেছেন? তিনি কী কী ভালোবাসেন? (১+৪=৫)

খ) ছোটো মেয়েটি এত খুশি কেন? খুশি হয়ে সে কী করছে? ছেলেটি কার দিকে চেয়ে আছে? কীভাবে চেয়ে আছে এবং কেন? (১+১+১+১+১=৫)

গ) 'তার একমাত্র কাম্য ছিল মানব জাতির কল্যাণ সাধন করা।'
উদ্ধৃত অংশটি কোথা থেকে নেওয়া হয়েছে?
লেখকের নাম কী? এখানে তাঁর বলতে কাকে বোঝানো হয়েছে? তাঁকে ব্রিটিশ পার্লামেন্ট কেন এবং কত টাকা মঞ্জুর করেছিল? (১+১+১+২=৫)

ঘ) শেয়ালের কথায় চলতে গিয়ে হরিণ কী বিপদে পড়েছিল? হরিণকে বিপদে পড়তে দেখেও শেয়াল তাকে উদ্ধার করল না কেন? (১+৪=৫)

ঙ) মফস্‌সলের ছেলেটি কি কারণে কলকাতায় এসেছিল? কলকাতায় এসে সে কোন ইস্কুলে ভর্তি হয়েছিল? কোথায় তার বাড়ি ছিল? তার ছোটোবেলার খেলাঘর কী ভাবে তার সাধনার জায়গায় পরিণত হয়েছিল? (১+১+১+২=৫)

চ) গোলমাল শুনে কারা ছুটে এসেছিল? এই ঘটনা তাদের আনন্দ ছিল কেন? শেষকালে ভোম্বোল কী করল? তখন ছেলেরা কী কী করেছিল? (১+১+২+১=৫)

**************************

# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

FOR GOD AND COUNTRY

3rd Terminal Examination – 2019

**Subject:** Bengali Text Model Answer **Class:** 4 A & C **F.M.:** 65 **Duration:** 2Hrs. **Date:** 23.11.2019

(Marks will be deducted for untidy work, spelling mistakes and work not done in systematic manner.)

## ক – বিভাগ

**১) শব্দের অর্থ লেখো:-** **(১ X ৪ = ৪)**

মড়ক - মহামারি

পো - ছেলে

সুখ - আনন্দ / আয়াস

কাতর - আকুল

**২) বিপরীত শব্দ লেখো:-** **(১ X ৪ = ৪)**

শহর - গ্রাম

ভালোবাসা – ঘৃণা

ক্ষতি - লাভ

অধিক – কম / অল্প

**৩) শূন্যস্থান পূরণ করো:-** **(১ X ৪ = ৪)**

বাজে বাঁশি, পাতার বাঁশি আনন্দস্বরে

হাজার লোকের হর্ষধ্বনি সবার উপরে।

ঠাকুরবাড়ি ঠেলাঠেলি লোকের নাহি শেষ,

অবিশ্রান্ত বৃষ্টিধারায় ভেসে যায় রে দেশ।

**৪) বাক্য রচনা করো:-**

ছাত্রেরা নিজেরা লিখবে। **(১ X ৩ = ৩)**

## খ – বিভাগ

**৫) সংক্ষিপ্ত প্রশ্ন:-**

ক) উঃ- বাংলা দেশে ফিঙে পাখি গাছে গাছে নাচে এবং বাবুই পাখি বাসা বোনে। **(১+১=২)**

খ) উঃ- জগদীশচন্দ্র বসু একজন বিখ্যাত পদার্থবিদ ও উদ্ভিদ বিজ্ঞানী ছিলেন। তাঁর প্রতিষ্ঠিত বিজ্ঞানশালার নাম ছিল বসু বিজ্ঞান মন্দির। **(১+১+১=৩)**

সেটি সার্কুলার রোডে (বর্তমান নাম আচার্য প্রফুল্লচন্দ্র রোড বা এ,পি,সি রোড ) অবস্থিত।

গ) উঃ- ভালোবাসি কবিতায় প্রজাপতি চাঁপাবনে খেলে ও কলি উষাসনে ( ভোর হবার সঙ্গে সঙ্গে) আঁখি মেলে।

এই কবিতায় দুজন কবির পরিচয় পাওয়া যায়। **(১+১+১=৩)**

ঘ) উঃ- হরিণের প্রকৃত বন্ধু ছিল কাক।

সে হরিণকে বুদ্ধি দিয়ে ছিল, খেতের মালিক যখন তোমায় মারতে আসবে তখন তুমি পেট ফুলিয়ে পা গুলো টান করে মড়ার মতো শুয়ে থাকবে আর আমি যেই কা-কা করব অমনি ছুটে পালাবে। **(১+২=৩)**

ঙ) উঃ- ভোম্বোল বাতাবি লেবু গাছ থেকে রান্নাঘরের চালের ওপর পড়ে সেখান থেকে এক লাফ দিয়ে নীচে পড়ে সামনে বাঁশবন দিয়ে ডোবা পেরিয়ে যে সড়ক সেই সড়কের দিকে ছুটে পালিয়ে গেল। **(৩)**

চ) উঃ- ওপরের কবিতাংশটি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'সুখ – দুঃখ' কবিতার অংশ।

'বাদল' শব্দটির অর্থ হল বৃষ্টি / বর্ষা। **(২+১=৩)**

ছ) উঃ- জেনার ষোলো বছর ধরে পরীক্ষা করে এই সিদ্ধান্তে এসেছিলেন যে, একবার গো বসন্তের টিকা নিলে আর বসন্ত হবে না।

১৭৮৮ খ্রিষ্টাব্দে জেনার তাঁর আবিষ্কারের কথা প্রকাশ করেছিলেন। **(১+১+১=৩)**

## গ – বিভাগ

**৬) রচনাধর্মী প্রশ্ন:-**

ক) উঃ- 'ভালোবাসি' কবিতাটি তমাললতা বসু লিখেছেন। **(১+৪=৫)**

তিনি নীল আকাশের চাঁদের জ্যোৎস্না, পৃথিবীর সবুজের রেখা,ফুলের বনে প্রজাপতির খেলা, রাখালের বাঁশির সুর, ভোরবেলায় ফুলের কুঁড়ির প্রস্ফুটিত রূপ, পৃথিবীর সব সৌন্দর্য তথা সৃষ্টিকর্তার সৃষ্টির রূপ দেখতে ভালোবাসেন।

খ) উঃ- ছোটো মেয়েটি এক পয়সা দিয়ে তালপাতার একটি বাঁশি কিনেছে। তাই সে এত খুশি।

খুশি হয়ে সে বাঁশিটি বাজিয়ে সারা মেলায় ঘুরে বেড়িয়ে আনন্দ উপভোগ করছে।

ছেলেটি একটি রাঙা লাঠির দোকানের দিকে চেয়ে আছে।

ছেলেটি দুঃখে চোখ লাল করে এক দৃষ্টিতে দোকানের দিকে চেয়ে আছে , কারণ তার কাছে কোনো পয়সা না থাকায় সে রাঙা লাঠি কিনতে পারছে না। **(১+১+১+১+১=৫)**

গ) উঃ- উদ্ধৃত অংশটি বসন্তের টিকা আবিষ্কার থেকে নেওয়া হয়েছে। **(১+১+১+২=৫)**

লেখকের নাম চারুচন্দ্র ভট্টাচার্য।

এখানে এডওয়ার্ড জেনারকে বোঝানো হয়েছে।

জেনার বসন্ত রোগের টিকা আবিষ্কার করে মানব জাতিকে ভয়াবহ ব্যাধি থেকে মুক্ত করেছিলেন তাই ব্রিটিশ পার্লামেন্ট জেনার কে তার পরীক্ষার জন্য তিরিশ হাজার পাউন্ড মঞ্জুর করেছিলেন।

ঘ) উঃ- শেয়ালের কথায় চলতে গিয়ে হরিণ খেতের মালিকের পাতা ফাঁদে আটকে পড়েছিল।

শেয়াল মনে মনে চাইত যেন হরিণ বিপদে পড়ে। বিপদে পড়ে হরিণের মৃত্যু হলে সে হরিণের নরম মাংস খাবে। আর সে যদি হরিণকে বিপদ থেকে উদ্ধার করে তাহলে তো আর স্বার্থসিদ্ধি হবে না। তাই সে হরিণকে বিপদে পড়তে দেখেও তাকে উদ্ধার করল না। **(১+৪=৫)**

ঙ) উঃ- মফস্‌সলের ছেলেটি পড়াশোনা করতে কলকাতায় এসেছিল।

কলকাতায় এসে সে সাহেবি ইস্কুলে ভর্তি হয়েছিল।

ফরিদপুরে তার বাড়ি ছিল।

তার ছোটোবেলার খেলা ঘরে গ্রামের পরিবেশে পশু, পাখি, গাছ, ফুলের পাশাপাশি যখন অনেক সূক্ষ্ম কলকব্জা এসে বসল তখনই খেলাঘর তাঁর সাধনার জায়গায় পরিণত হল। **(১+১+১+২=৫)**

চ) উঃ- গোলমাল শুনে পাড়ার কয়েকটি ছেলে ছুটে এসেছিল।

এই ঘটনা তাদের আনন্দ দিল কারণ কুমোর তাদেরকেও একটা লেবু খেতে দিত না।

শেষকালে ভোম্বোল বাতাবি লেবু নিয়ে গাছ থেকে রান্নাঘরের চালের ওপর পড়ে সেখান থেকে এক লাফ দিয়ে নীচে পড়ে ছুটে পালিয়ে গেল।

তখন ছেলেরা হাততালি দিয়ে চিৎকার করে উঠেছিল। **(১+১+২+১=৫)**

..........................................................................xxxxxxxxxxxxxx..........................................................................